**একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তালতলী, বরগুনা।
www.taltali.barguna.gov.bd

## ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ দিবস ২০২২ উদ্‌যাপন উপলক্ষে স্থানীয় কর্মসূচি প্রণয়ন সম্পর্কিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ | ১৪.০২.২০২২ খ্রি, সকাল ১২:০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদের ‘‘পায়রা’’ সম্মেলন কক্ষ, তালতলী, বরগুনা। |
| সভাপতি | ঃ | জনাব মোঃ কাওছার হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা। |
| উপস্থিত সুধীবৃন্দের হাজিরা | ঃ | পরিশিষ্ট-ক। |

উপস্থিত সুধীবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর সভার সভাপতি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের তাৎপর্য অনেক গভীর। ২০১৭ সালের ৩০ অক্টোবর ইউনেস্কো (UNESCO) ঐতিহাসিক এই ভাষনকে বৈশ্বিক দলিল (Memory of the World Register-এ অন্তর্ভুক্তিকরণ) হিসেবে স্বীকৃতি দেয়ায় আন্তর্জাতিক পরিমন্ডলেও এ ভাষণের তাৎপর্য ও গুরুত্ব অনেক বৃদ্ধি পেয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ই মার্চে প্রদত্ত ভাষণের দিনটিকে ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ দিবস হিসাবে এবং ‘ক’ শ্রেণিভুক্ত দিবস হিসাবে ঘোষণা করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১৫ অক্টোবর ২০২০ তারিখে পরিপত্র জারি করা হয়েছে। সভায় ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ দিবসটি উযাপনের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে ১৭ জানুয়ারি ২০২২ তারিখের ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৭৭.২১-৩৫ নং স্মারকের কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং দিবসটি ভিন্ন আঙ্গিকে ও ব্যাপকভাবে উদযাপনের ওপর গুরুত্বারোপ করা হয়। এমতাবস্থায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত কর্মসূচির সাথে সংগতি রেখে তালতলী উপজেলায় দিবসটি বিশেষ তাৎপর্য ও গুরুত্ব সহকারে পালনের জন্য উপস্থিত সুধীমন্ডলী ও কর্মকর্তাবৃন্দকে সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রদানের জন্য আহ্বান করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ দিবস বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্য বিধি মেনে যথাযোগ্য মর্যাদায় পালনের নিম্নরূপ সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কর্মসূচি প্রণয়ন করা হয় এবং কর্মসূচি বাস্তবায়নে নিম্নরূপ কমিটি গঠন করা হয়-

(ক) **‘ঐতিহাসিক ৭ই মার্চ’ দিবস ২০২২ কর্মসূচি**

| তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়ন উপ-কমিটি |
|---|---|---|---|
| ০৫ মার্চ, ২০২২<br>(শনিবার)<br>বেলা ১১.০০ ঘটিকা | ভাষণ প্রতিযোগিতা:<br>বিষয়: বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ<br>‘ক’ গ্রুপ: ৬ষ্ঠ - ১০ম শ্রেণি<br>‘খ’ গ্রুপ: একাদশ ও দ্বাদশ শ্রেণি | উপজেলা পরিষদ পায়রা সম্মেলন কক্ষ<br>(৩য় তলা) | ১। উপজেলা শিক্ষা অফিসার, তালতলী (আহ্বায়ক)<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালতলী, বরগুনা (আহ্বায়ক)<br>৩। উপজেলা একাডেমিক সুপারভাইজার, তালতলী, (সদস্য)<br>৪। জনাব মোঃ আবু সিদ্দিক, প্রধান শিক্ষক (অব:), ছাতনপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, তালতলী (সদস্য)<br>৫। জনাব মোঃ জিয়াউল হক রুবেল, সহকারী শিক্ষক, তালতলী সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয় (সদস্য)<br>৭। জনাব সারা সুলতানা, সহকারী শিক্ষা অফিসার, তালতলী (সদস্য) |
| ০৭ মার্চ, ২০২২<br>(সোমবার)<br>বেলা ১০.১৫ ঘটিকা | বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পন:<br>(প্রতিটি সংগঠন ০৫ জন ও ব্যক্তি পর্যায়ে ০২ জন করে স্বাস্থ্যবিধি মেনে পুস্পস্তবক অর্পন করবে)। | উপজেলা পরিষদ কমপ্লেক্স এর বঙ্গবন্ধু ম্যূরাল | ১। উপজেলা মৎস্য অফিসার, তালতলী (আহ্বায়ক)<br>২। অফিসার ইনচার্জ, তালতলী থানা (সদস্য)<br>৩। চেয়ারম্যান, বড়বগী ইউপি, তালতলী<br>৪। জনাব মোঃ আবু সিদ্দিক, প্রধান শিক্ষক (অব:), ছাতনপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, তালতলী (সদস্য)<br>৫। সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, তালতলী (সদস্য)<br>৬। সভাপতি, বাংলাদেশ ছাত্রলীগ, তালতলী (সদস্য) |

| তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়ন উপ-কমিটি |
|---|---|---|---|
| ০৭ মার্চ, ২০২২ (সোমবার) বিকাল ১০.৩০ ঘটিকা | আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান | উপজেলা পরিষদ পায়রা সম্মেলন কক্ষ (৩য় তলা) | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তালতলী (আহ্বায়ক)<br>২। জনাব আঃ রহমান, প্রভাষক, তালতলী সরকারি কলেজ (সদস্য)<br>৩। প্রধান শিক্ষক, তালতলী সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয় (সদস্য)<br>৪। জনাব মোঃ আবু সিদ্দিক, প্রধান শিক্ষক (অব:), ছাতনপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, তালতলী (সদস্য)<br>৫। প্রধান শিক্ষক, ছোটবগী পি.কে মাধ্যমিক বিদ্যালয় (সদস্য)<br>৬। জনাব মোঃ আব্দুস ছত্তার, সম্পাদক, দুর্নীতি প্রতিরোধ কমিটি (সদস্য)<br>(উক্ত কমিটি ২৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে কৃত শিক্ষার্থীদের মোবাইল নম্বরসহ মার্কশীটের কপি সংগ্রহ করে উপজেলা নির্বাহী অফিসার বরাবরে জমা দিবে) |
| ০৭ মার্চ, ২০২২ (সোমবার) বিকাল ০৩.০০ ঘটিকা | বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র হতে অনলাইনে কেন্দ্রীয় অনুষ্ঠান উপভোগ | স্ব-স্ব কর্তৃপক্ষ ও সকল ইউপি চেয়ারম্যান | ১। জনাব দিপু সরকার, সহকারী প্রোগ্রামার (আহ্বায়ক )<br>২। উপজেলা একাডেমিক সুপারভাইজার, তালতলী (সদস্য)<br>৩। জনাব মোঃ খালেদ মাসুদ, প্যানেল চেয়ারম্যান-১, বড়বগী ইউপি (সদস্য )<br>৪। সভাপতি, তালতলী প্রেসক্লাব (সদস্য ) |
| ০৭ মার্চ, ২০২২ (সোমবার) বিকাল ০৩.৩০ ঘটিকা | চলচ্চিত্র প্রদর্শনী | উপজেলা পরিষদ কমপ্লেক্স | ১। জনাব দিপু সরকার, সহকারী প্রোগ্রামার - (আহ্বায়ক)<br>২। সম্পাদক, উপজেলা শিল্পকলা একাডেমিক (সদস্য)<br>৩। জনাব সিদ্দিকুর রহমান, প্রভাষক, তালতলী সরকারি কলেজ (সদস্য)<br>৪। সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, তালতলী (সদস্য)<br>৫। জনাব মোঃ জিয়াউল হক রুবেল, সহকারী শিক্ষক, তালতলী সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয় (সদস্য) |

উপরিউক্ত অনুষ্ঠান পরিচালনা ও গৃহীত কর্মসূচি বাস্তবায়নের জন্য নিম্নরূপ কমিটি সমূহ গঠিত হলোঃ

**মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন কমিটি ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১। | জনাব ধীরেন্দ্র দেবনাথ শম্ভু, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১০৯, বরগুনা-১ | - | প্রধান উপদেষ্টা |
| ২। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা | - | উপদেষ্টা |
| ৩। | উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা। | - | আহবায়ক |
| ৪। | সহকারী কমিশনার (ভূমি), তালতলী, বরগুনা। | - | সদস্য |
| ৫। | ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা | - | সদস্য |
| ৬। | উপজেলা পর্যায়ের সকল সরকারি কর্মকর্তাবৃন্দ | - | সদস্য |
| ৭। | সভাপতি/সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, তালতলী উপজেলা শাখা | - | সদস্য |
| ৮। | জনাব মোঃ ফজলুল হক জোমাদ্দার, স্বাস্থ্য ও জনঃ বিষঃ সম্পাঃ, বাংলাদেশ আওয়ামীলীগ, বরগুনা শাখা | - | সদস্য |
| ৯। | সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, তালতলী উপজেলা | - | সদস্য |
| ১০। | সম্পাদক, উপজেলা শিল্পকলা একাডেমিক, তালতলী | - | সদস্য |
| ১১। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), তালতলী | - | সদস্য |
| ১২। | আহ্বায়ক, বাংলাদেশ যুবলীগ, তালতলী শাখা | - | সদস্য |
| ১৩। | সভাপতি/সম্পাদক, বাংলাদেশ ছাত্রলীগ, তালতলী শাখা | - | সদস্য |
| ১৪। | উপজেলা সদরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ | - | সদস্য |
| ১৫। | সভাপতি, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি, তালতলী উপজেলা শাখা | - | সদস্য |
| ১৬। | সভাপতি, মদ্রাসা শিক্ষক সমিতি, তালতলী | - | সদস্য |
| ১৭। | জনাব মোঃ আবু সিদ্দিক, প্রধান শিক্ষক (অব), ছাতনপাড়া সরকারি প্রাথ: বিদ্যা: | - | সদস্য |
| ১৮। | সভাপতি/সম্পাদক, প্রাথমিক শিক্ষক সমিতি, তালতলী উপজেলা | - | সদস্য |
| ১৯। | সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, তালতলী | - | সদস্য |
| ২০। | সভাপতি/সম্পাদক, তালতলী ব্যবসায়ী সমিতি | - | সদস্য |
| ২১। | সভাপতি/সম্পাদক, মাধ্যমিক শিক্ষক সমিতি, তালতলী উপজেলা | - | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ২২। | সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, তালতলী, বরগুনা | - | সদস্য |
| ২৩। | সভাপতি/সম্পাদক, এনজিও বিষয়ক ফোরাম | - | সদস্য |

১) যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় ও স্থানীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান ও স্ব স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রচার করবে এবং স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীগণ অনলাইনে যুক্ত হয়ে কেন্দ্রীয় অনুষ্ঠান উপভোগ করবে। বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, তালতলী ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তালতলী, বরগুনা'কে অনুরোধ করা হয়।

২) জাতীয়/স্থানীয় অনুষ্ঠানের সঙ্গে সংগতি রেখে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে স্থানীয় জনপ্রতিনিধিগণ বীর মুক্তিযোদ্ধাসহ অন্যান্য সকল শ্রেণী পেশার লোকজনের উপস্থিতিতে অনলাইনে যুক্ত হয়ে বড় পর্দায় কেন্দ্রীয় অনুষ্ঠান উৎসবমুখর পরিবেশে উপভোগ করবেন। চেয়ারম্যানগণ বিষয়টি নিশ্চিত করবেন।

৩) 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২২ উদযাপন উপলক্ষে গৃহীত কর্মসূচি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণসহ প্রয়োজনবোধে বিশেষ ক্রোড়পত্র (সৌজন্য সংখ্যা) প্রকাশ করার জন্য সভাপতি, প্রেসক্লাব, তালতলী, বরগুনা'কে অনুরোধ করা হয়।

৫) 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবসের গৃহীত সকল কর্মসূচি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ইন-চার্জ, পল্লী বিদ্যুৎ সমিতি, তালতলী, বরগুনা'কে অনুরোধ করা হয়।

৬) 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবসের গৃহীত সকল কর্মসূচিতে উপজেলা পর্যায়ের অফিস প্রধানদের যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

৭) 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবস উদযাপন উপলক্ষ্যে সকল অনুষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ৭ই মার্চে প্রদত্ত ভাষণ নির্দিষ্ট সময়ে প্রচারের ব্যবস্থা করতে হবে।

৮) 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবসের উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত ভাষণ প্রতিযোগিতায় আগ্রহী শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করা সহ মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

৯) উপরোক্ত সকল উপ-কমিটি আলাদাভাবে সভা আয়োজন করে কর্মসূচিসমূহ সুন্দর, সুষ্ঠু ও যথাযথ্য মর্যাদায় পালন করার বিষয়ে প্রস্তুতি গ্রহণ করবে এবং প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে।

সভায় আর অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় গৃহীত কর্মসূচিতে সকলের সার্বিক সহযোগিতা ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের আহ্বান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৪/০২/২০২২

(মোঃ কাওছার হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
তালতলী, বরগুনা।
মোবাইল নম্বরঃ০১৭৩৩৩৪৮০২৭
ই-মেইলঃ unotaltoli@mopa.gov.bd

স্মারক নং-০৫.১০.০৪৯০.০০০.২৩.১৮৪.১৯- ১১৫ তারিখ: ১৪.০২.২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো-

১. জনাব ধীরেন্দ্র দেবনাথ শমভু, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১০৯, বরগুনা-০১।
২. জনাব সুলতানা নাদিরা, মাননীয় সংসদ সদস্য, ৩১৫, মহিলা আসন-১৫।
৩. জেলা প্রশাসক, বরগুনা।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা।
৫. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা।
৬. উপজেলা....................................কর্মকর্তা, তালতলী।

৭. অফিসার ইন চার্জ, তালতলী থানা।
৮. সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, তালতলী, বরগুনা (কার্যবিবরণীটি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৯. চেয়ারম্যান...........................................ইউনিয়ন পরিষদ, তালতলী।
১০. অধ্যক্ষ,............................................................কলেজ/মাদ্রাসা।
১১. প্রধান শিক্ষক/সুপার, ......................................................................বিদ্যালয়/মাদ্রাসা।
১২. সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, তালতলী।
১৩. সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, তালতলী।
১৪. জনাব............................................